ঢাকা ওয়াসা

বিষয়ঃ রাজস্ব জোন ১,৬ ও ৭ এর দাপ্তরিক কাজের জন্য ৩টি মাইক্রোবাস ভাড়া করণ প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার রাজস্ব জোন ১, ৬ ও ৭ এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ভাড়াকৃত মাইক্রোবাস গাড়ী ৩টির চুক্তির মেয়াদ আগামী ৩০/০৬/২০২৬ তারিখে শেষ হয়ে যাবে। তাই উক্ত রাজস্ব জোনগুলোর জন্য e-GP তে (OTM) এ ৮ আসান বিশিষ্ট ৩টি মাইক্রোবাস আগামী ১(এক) বছরের জন্য ভাড়া করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে মাইক্রোবাস ভাড়া করার লক্ষ্যে বাজার দরের ভিত্তিতে ১টি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। যাবতীয় খরচসহ মাইক্রোবাস ৩টির প্রতিটির মাসিক ভাড়া মোট=১,১৩,৫০০/- (এক লক্ষ তের হাজার পাঁচশত) হিসেবে মোট মাসিক ভাড়া=৩,৪০,৫০০/- (তিন লক্ষ চল্লিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলন তৈরী করা হয়েছে।

ক্রঃ নং	রাজস্ব জোন	মাসিক ভাড়া	সময়	মোট
১	রাজস্ব জোন-১	১,১৩,৫০০/-	১২ মাস	১৩,৬২,০০০/-
২	রাজস্ব জোন-৬	১,১৩,৫০০/-	১২ মাস	১৩,৬২,০০০/-
৩	রাজস্ব জোন-৭	১,১৩,৫০০/-	১২ মাস	১৩,৬২,০০০/-
	মোট	৩,৪০,৫০০/-	১২ মাস	৪০,৮৬,০০০/-

০২। বর্ণিত কাজটির ব্যয়ভার পরিবহনপুলের ২০২৬-২৭ অর্থবছরের "স্টাফ বাস ভাড়া/রেন্ট-এ-কার" খাত হতে নির্বাহ করা হবে। পাবলিক প্রকিউরমেন্টে বিধিমালা, ২০২৫ (PPR-2025)-এর বিধি ২৫(১) অনুযায়ী ক্রয়কাজটি উক্ত অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনায় (APP) অন্তর্ভূক্ত করা হবে। ক্রয়কাজটি বিধি ১৫০(১) অনুযায়ী ইলেকট্রনিক সরকারি ক্রয় বা e-GP সিস্টেমের মাধ্যমে এবং বিধি ৭৮(১) অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) আহ্বান করা হবে। এছাড়া বিধি ৪(১) অনুযায়ী দরপত্র আহ্বানের ক্ষেত্রে বিপিপিএ (BPPA) প্রণীত ভৌত সেবার (Physical Services) উপযুক্ত স্ট্যান্ডার্ড দরপত্র দলিল বা STD অনুসরণপূর্বক Procuring Entity হিসেবে উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা কর্তৃক এটি সম্পাদন করা হবে। টেন্ডার কার্যক্রম শেষ হলে ঠিকাদারের বিল সন্তোষজনক সেবার ভিত্তিতে মাসিক চলতি বিল আকারে হিসাব বিভাগ হতে পরিশোধ করা যেতে পারে।

০৩। এমতাবস্থায়, রাজস্ব জোন ১, ৬ ও ৭ এর দাপ্তরিক কাজের জন্য ৮ আসনের ৩টি মাক্রোবাস ভাড়াকরণের কাজটি e-GP এর আওতায় (OTM) সম্পাদনের লক্ষ্যে ১২ মাস বা ১ বছরের সর্বমোট ৩,৪০,৫০০/-X ১২ =৪০,৮৬,০০০/- (চল্লিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকার বিভাগীয় প্রাক্কলন সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

DS (ক্রয়)

মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা (চঃ দাঃ)
পরিবহনপুল
ঢাকা ওয়াসা।

মোঃ আলমগীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

সচিব

conditions [illegible]

04| PCC (Particular contracts) and TDS (Tender ~~document~~ Data sheet) [illegible]

[illegible]

DS (ক্রয়)

এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব
ঢাকা ওয়াসা

০৫/ অনুচ্ছেদ ০৪ এর নির্দেশক্রমে আলোচ্য কাজের PCC ও TDS এর খসড়া সহ উপস্থাপন করা হলো। (ক নং-গ) যেহেতু কাজটি e-GP তে দরপত্র আহ্বান করা হবে তাই e-GP তে পুনরায় PCC ও TDS তৈরি করে দরপত্র আহ্বান করা হবে।

এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের খাতে মডস জোন ২, ৬ ও ৭ এর দাপ্তরিক কাজে ৩টি মাইক্রোবাস ভাড়া করন কাজে উপস্থাপিত ৪০,৮৬,০০০/- (চল্লিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন দেওয়া যেতে পারে।

২০/০৪/২৫
মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা (চঃ দাঃ)
পরিবহনপুল
ঢাকা ওয়াসা।

DS (HS)

২০/৪/২৫
মোঃ আলমগীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

২০/০৪/২০২৫
সচিব

এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব
ঢাকা ওয়াসা

DMD (HR & Admin)

০৬। আলোচ্য জোনসমূহে DCRO এর জন্য মাইক্রোবাস ভাড়ার যৌক্তিকতাসহ উপস্থাপন করা যেতে পারে। বিকল্প প্রস্তাব ও বিবেচনায় নেয়া যেতে পারে।

২৯.০৪.২০২৫
মোঃ মিজানুল হক
(অতিরিক্ত দায়িত্ব)
উপব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

সচিব
২৯/০৪/২০২৫

ঢাকা ওয়াসা

০৭। অনুচ্ছেদ ৬ এ উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়ের নির্দেশনা মোতাবেক ঢাকা ওয়াসার CM, CRO ও সচিব মহোদয়ের সাথে আলোচনা করা হলো। অলোচনায় রাজস্ব জোন ১, ৬ এবং ৭ এর কার্যক্রম তদারকি এবং রাজস্ব আদায় বৃদ্ধি দাপ্তরিক কাজে এবং নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শন লক্ষ্যে ডেপুটি চিফ রেভিনিউ অফিসারগণ (DCRO) এর জন্য ৩ টি কার (এসি সম্বলিত) সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। উক্ত কাজে মাসিক ফ্ল্যাট রেট (ড্রাইভারের বেতন, ওভারটাইম এবং রক্ষণাবেক্ষণসহ) মাসিক ভাড়ার অন্তর্ভুক্ত করে একটি প্রাক্কলন নিচে উপস্থাপন করা হলো।

বিবরণ	**সংখ্যা**	**মাসিক হার (টাকা)**	**মাসিক মোট (টাকা)**	**১ বছরের মোট (টাকা)**
এসি কার ভাড়া (ড্রাইভারসহ)	৩ টি	৯৩,০০০/-	২,৭৯,০০০/-	৩৩,৪৮,০০০/-
সর্বমোট (এক বছরে)				৩৩,৪৮,০০০/-
(কথায়: তেত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার টাকা মাত্র)				

কারিগরি শর্তাবলী (Techncal Ter ms): গাড়িগুলো ন্যূনতম ২০১৭ বা তার পরবর্তী মডেলের হতে হবে। ১৫০০ সিসি (ন্যূনতম)। গাড়িগুলো টিপটপ কন্ডিশন এবং উন্নত মানের এসি সম্বলিত হতে হবে। ড্রাইভারের ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা এবং বৈধ লাইসেন্স থাকতে হবে। তার আচরণ মার্জিত হতে হবে। গাড়ির টায়ার, লুব্রিকেন্ট, ব্যাটারি এবং সকল প্রকার মেকানিক্যাল মেরামতের খরচ ভাড়ার অন্তর্ভুক্ত থাকবে এবং তা সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবে। কোনো গাড়ি নষ্ট হলে বা সার্ভিসে থাকলে ২৪ ঘণ্টার মধ্যে সমমানের বিকল্প গাড়ি সরবরাহ করতে হবে। গাড়ির ফিটনেস, ট্যাক্স টোকেন এবং ইন্স্যুরেন্সের সকল মূল কাগজপত্র হালনাগাদ থাকতে হবে। প্রতি মাসের শেষে ব্যবহারকারীর সন্তোষজনক প্রত্যায়ন প্রদান সাপেক্ষে বিল দাখিল করতে হবে। সরকারি বিধি অনুযায়ী ভ্যাট (VAT) এবং ট্যাক্স (IT) কর্তন করা হবে।

০৮। আলোচ্য ~~সংগ্রহ~~ কাজের ব্যয়ভার পরিবহন পুলের ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১১ এ অর্ন্তভূক্ত রয়েছে (সঃ ক্রঃ নং- ১০ দ্রঃ)। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ অনুযায়ী Open Tender Method (OTM) পদ্ধতিতে সম্পাদন করা যেতে পারে। DoFP অনুযায়ী আলোচ্য কাজের অনুমোদনকারী কর্তৃপক্ষ ব্যাবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা এর আওতাধীন।

০৯। এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে, উপরে বর্ণিত রাজস্ব জোন ১, ৬, এবং ৭ এর জন্য ০৩ টি কার ভাড়ার বিপরীতে বার্ষিক ৩৩,৪৪,০০০/- টাকা (কথায়: তেত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার টাকা মাত্র) ব্যয়ের প্রশাসনিক অনুমোদন এবং OTM পদ্ধতিতে ই-জিপি (e-GP) টেন্ডার আহ্বানের সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা (চঃ দাঃ)
পরিবহনপুল
ঢাকা ওয়াসা।

DS

মোঃ [illegible]ীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব
ঢাকা ওয়াসা

DMD (HR & Admin)

১০। অনুচ্ছেদ (১ - ৯) দফা মতে টেন্ডার দেয়া যায়ে— I প্রস্তাব,

P.T.O

পূর্ব পৃষ্ঠার পর

অনুচ্ছেদ-২ এ বর্ণিত e-GP system এর মাধ্যমে OTM পদ্ধতিতে tender আহ্বানের অনুমোদন দেয়া যেতে পারে।

১৭/০৫/২০২৫

এ.কে.এম. ফজলুল হক
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

২০/০৫/২০২৫
ব্যবস্থাপনা পরিচালক

মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২৪/০৫/২০২৫

DS

TO

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ঢাকা ওয়াসা
৭০৩ নং
তাং ২৮/০৫/২৫